

পণ্য পরিবহণ ব্যবসায় নয়া উদ্যোগ টাটার

নিজস্ব সংবাদদাতা: রাজ্যে পণ্য পরিবহণ ব্যবসা দ্রুত বাড়বে বলেই মনে করছে টাটা গোষ্ঠীর ড্রাইভ ইন্ডিয়া এন্টারপ্রাইজ সলিউশন্স। সেই বাজার ধরতে শহরে ৪ লক্ষ বর্গ ফুটের গুদাম ও পণ্য পরিবহণ কেন্দ্র গড়ছে তারা। কোনা এক্সপ্রেসওয়েতে তাদের যে কেন্দ্র রয়েছে, নতুনটি হবে তার চারগুণ। সিইও অজয় চোপড়ার দাবি, পূর্ব ও উত্তর-পূর্বে ব্যবসা বাড়বে। তাই কলকাতা ও গুয়াহাটিতে ২টি পরিষেবা কেন্দ্র (লজিস্টিক্স হাব) গড়বেন তাঁরা। তবে লগ্নি করবে টাটা গোষ্ঠীরই নির্মাণ সংস্থা। ড্রাইভ ইন্ডিয়া সেখানে ভাড়া নিয়ে কেন্দ্র গড়বে। গোড়ায় টেলিকম পণ্য আমদানি-বিক্রির ব্যবসায় যুক্ত থাকলেও, এখন সাধারণ পণ্য পরিবহণ ব্যবসায় ঝুঁকছে ড্রাইভ ইন্ডিয়া।